

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৫, ২০১০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ৬ কার্তিক ১৪১৭ বঙ্গাব্দ/২১ অক্টোবর ২০১০ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩৫৪-আইন/২০১০।—কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৮ নং আইন) এর ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা ঃ—

প্রথম অধ্যায়

সূচনা

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা ও লাইসেন্সিং বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (১) “অনুষ্ঠান” অর্থে কেবল নেটওয়ার্কে সম্প্রচারিত অনুষ্ঠান যথা-চলচ্চিত্র, ফিচার, নাটক, ধারাবাহিক নাটক, নৃত্য, সংগীত, ক্রীড়া, বিজ্ঞাপন, ম্যাগাজিন অনুষ্ঠান, যে কোন সবাক বা নির্বাক শৈলী উপস্থাপন, যে কোন প্রতিবেদন ও সংবাদসহ প্রচারিত যে কোন অনুষ্ঠানকে বুঝাইবে; এবং ভিডিও ক্যাসেট রেকর্ডার, ভিডিও ক্যাসেট প্লেয়ার, ভিডিও ক্যাসেট ডিস্ক, ডিজিটাল ভিডিও ডিস্ক ও অন্যান্য প্রযুক্তি দ্বারা পরিবেশিত যে কোন অনুষ্ঠান এবং অন্তর্লীন অনুষ্ঠানও উহার অন্তর্ভুক্ত হইবে;

(৯৫৩৭)

মূল্য : টাকা ১৪.০০

- (২) “আইন” অর্থ কেবল টেলিভিশন নেটওয়ার্ক পরিচালনা আইন, ২০০৬ (২০০৬ সনের ৩৮ নং আইন);
- (৩) “কেবল অপারেটর” অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেবল টেলিভিশন নেটওয়ার্কের মাধ্যমে এলাকা ভিত্তিক ভূনির্ভর (টেরিস্ট্রিয়াল) চ্যানেল, উপগ্রহ বা স্যাটেলাইট চ্যানেল (ফ্রি টু এয়ার চ্যানেল ও পে-চ্যানেল), ইত্যাদি গ্রাহকদের উদ্দেশ্যে বাণিজ্যিক ভিত্তিতে সঞ্চালন এবং প্রেরণের জন্য কন্ট্রোল রুম হইতে সিগন্যাল প্রস্তুত করেন ও দর্শকের চাহিদা পূরণের লক্ষ্যে ফিড অপারেটর বা গ্রাহকের নিকট বিতরণ করেন; এবং মাল্টিপল সিস্টেম অপারেটরও ইহার অন্তর্ভুক্ত হইবে;
- (৪) “কেবল টেলিভিশন নেটওয়ার্ক” অর্থে এমন একটি পদ্ধতিকে বুঝাইবে যাহার নিজস্ব, লীজ বা ভাড়াকৃত নিয়ন্ত্রিত সম্প্রচারন লাইন বা মাল্টি চ্যানেল মাল্টি পয়েন্ট ডিস্ট্রিবিউশন সার্ভিস (এম.এম. ডি. এস) বা ডাইরেক্ট টু হোম (ডি.টিএইচ) থাকিবে এবং সংযুক্ত সিগন্যাল প্রস্তুতকরণ, নিয়ন্ত্রণ ও বহুবিধ গ্রাহকের চাহিদা মিটাইবার জন্য প্রয়োজনীয় বিতরণ যন্ত্রপাতি থাকিবে;
- (৫) “গ্রাহক” অর্থ এমন কোন ব্যক্তি যিনি কেবল টেলিভিশন নেটওয়ার্কের সিগন্যাল কেবল অপারেটরের নিকট হইতে তদকর্তৃক নির্দিষ্টকৃত কোন স্থানে, অন্য কোন ব্যক্তির নিকট সঞ্চালন বা সম্প্রচার করা ব্যতিরেকে, গ্রহণ করেন;
- (৬) “চ্যানেল” অর্থ পে-চ্যানেল বা ফ্রি টু এয়ার চ্যানেল;
- (৭) “ডাউন লিংক” অর্থ স্যাটেলাইট হইতে সিগন্যাল গ্রহণ করা;
- (৮) “ডিস্ট্রিবিউটর” অর্থ এমন ব্যক্তি যিনি দেশী বা বিদেশী কোন চ্যানেলের ব্রডকাস্টারের স্থানীয় পরিবেশক হিসাবে ঐ চ্যানেলের অনুষ্ঠান ধারণের লক্ষ্যে ডিকোডার, চিপস ও আনুষঙ্গিক যন্ত্রপাতি আমদানী করিয়া বাণিজ্যিক ভিত্তিতে সেবাপ্রদানকারীর নিকট সরবরাহ করেন;
- (৯) “তফসিল” অর্থ এই বিধিমালার তফসিল;
- (১০) “ধারা” অর্থ আইনের ধারা;
- (১১) “পরামর্শক কমিটি” বা “কমিটি” অর্থ বিধি ১০ অনুসারে গঠিত “পরামর্শক কমিটি” বা “কমিটি”;
- (১২) “ফরম” অর্থ এই বিধিমালার ফরম;

